




এসএসসি পরীক্ষা ২০২৪-এর ধারাবাহিক মূল্যায়ন, ব্যবহারিক পরীক্ষা ও মালামাল জমা প্রদান সংক্রান্ত

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট কেন্দ্রসচিব ও প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, এসএসসি পরীক্ষা ২০২৪-এ অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের (১৫৪) ব্যবহারিক পরীক্ষার নম্বর শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ স্ব স্ব কেন্দ্রসচিবের নিকট প্রেরণ করবেন। উল্লেখ্য, কেন্দ্রসচিবগণ সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা শেষ করে প্রাপ্ত নম্বর অনলাইনে শিক্ষাবোর্ডে প্রেরণ করবেন এবং মূলকপি (ম্যানুয়েল) হাতে হাতে শিক্ষাবোর্ডের ৪র্থ তলায় ৪০৫ নম্বর কক্ষে জমা করবেন এবং সংশ্লিষ্ট কেন্দ্রসচিবগণ নিজ নিজ কেন্দ্রে এক কপি সংরক্ষণ করবেন।

১. ১৩/০৩/২০২৪ তারিখ থেকে ২০/০৩/২০২৪ তারিখের মধ্যে অবশ্যই ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করতে হবে।
২. কোনো শিক্ষার্থীর বিষয় কোড এবং গ্রুপ পরিবর্তন হলে ব্যবহারিক মার্কস ইনপুটের পূর্বে তাদের রেজিস্ট্রেশন কার্ড এবং এডমিট কার্ড বোর্ড থেকে অবশ্যই সংশোধন করে নিতে হবে এবং সংশোধিত রেজিস্ট্রেশন এবং এডমিট কার্ডের ফটোকপি ৪০৬ নং কক্ষে জমা দিতে হবে।
৩. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০২৪-এর ৪ নং অনুচ্ছেদে “ঙ” কলামে বর্ণিত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত ব্যয়ের হিসাব ৪র্থ তলায় (৪০৫) নং কক্ষে জমা দিতে হবে (১২/০৩/২০২৪ এর মধ্যে)।
৪. পরীক্ষা সংশ্লিষ্ট কাগজপত্রাদি জমাদান সংক্রান্ত নিয়মাবলি:
নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে। যথাক্রমে চট্টগ্রাম উত্তর ও দক্ষিণ-২৪/০৩/২০২৪, কক্সবাজার ও তিন পার্বত্য জেলা ২৫/০৩/২০২৪ এবং চট্টগ্রাম মহানগর-২৭/০৩/২০২৪ তারিখে কেন্দ্রের পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি (রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে) অনুপস্থিতিপত্র, বহিষ্কৃতদের তালিকা (যদি থাকে) ব্যবহারিক পরীক্ষার্থীদের নম্বরফর্দ এবং অনুপস্থিত পরীক্ষার্থীদের তালিকা রোল নম্বরসহ আলাদা আলাদা সীলগালাকৃত প্যাকেটে করে হাতে হাতে ৪র্থ তলার (৪০৫) নম্বর কক্ষে এবং ১০ম তলায় ব্যবহারিক পরীক্ষায় ব্যবহৃত উত্তরপত্রসমূহ জমা দিতে হবে।
৫. মালামাল বোর্ডে জমাদানের তারিখ:
সরবরাহকৃত প্রশ্নপত্রের ট্রাঙ্ক ও অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র এবং অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্রসহ অন্যান্য মালামাল ২৭/০৩/২০২৪ তারিখ থেকে ১৮/০৪/২০২৪ তারিখের মধ্যে নিচ তলায় স্টোরে জমা দিতে হবে। উক্ত তারিখের মধ্যে মালামাল জমা দিতে ব্যর্থ হলে ৫০০/-টাকা বিলম্ব ফি ব্যাংক ড্রাফটের মাধ্যমে (সচিবের অনুকূলে) জমাদানপূর্বক ২৫/০৪/২০২৪ তারিখ মালামাল জমা দিতে হবে।
৬. ব্যবহার উপযোগী/অব্যবহৃত মালামালের হিসাব বিবরণী:
ব্যবহার উপযোগী/অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্রসহ অন্যান্য উদ্বৃত্ত ফরমসমূহ উপরিউক্ত সরবরাহ তালিকা অনুযায়ী শিক্ষাবোর্ডে জমা দিতে হবে।

বিষয়টি অতীব জরুরী।


(প্রফেসর এ এম এম মুজিবুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন : ০২৩৩৩৩৩৬৪৬৭।

Email: ce@bise-ctg.gov.bd